# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি নিজের জন্য দু‘আ করে, তারপর তা অন্যের জন্য না হওয়ার দু‘আ করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَدْعُوَ الْمَرْءُ لِنَفْسِهِ ويُعْقِبَ دُعَاءَهُ بِسُؤَالِ اللَّهِ مَنْعَ ذَلِكَ غَيْرَهُ

---

আরবী

981 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سُلَيْمَانَ بْنِ الْأَشْعَثِ السِّجِسْتَانِيُّ أَبُو بَكْرٍ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ قَالَ: أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: دَخَلَ أَعْرَابِيٌّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ وَهُوَ جَالِسٌ فَقَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَلِمُحَمَّدٍ وَلَا تَغْفِرْ لِأَحَدٍ مَعَنَا قَالَ: فَضَحِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ: (لَقَدِ احْتَظَرْتَ وَاسِعًا) ثُمَّ وَلَّى الْأَعْرَابِيُّ حَتَّى إِذَا كَانَ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَحَّجَ لِيَبُول فَقَالَ الْأَعْرَابِيُّ بَعْدَ أَنْ فَقِهَ فِي الْإِسْلَامِ: فَقَامَ إِلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يُؤَنِّبْنِي وَلَمْ يُسُبَّنِي وَقَالَ:
(إِنَّمَا بُنِي هَذَا الْمَسْجِدُ لِذِكْرِ اللَّهِ وَالصَّلَاةِ وَإِنَّهُ لَا يُبَالُ فِيهِ ثُمَّ دَعَا بِسَجْلٍ من ماء فأفرغه عليه)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 981 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৯৮১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে বসে আছেন, এমন সময় একজন বেদুঈন ব্যক্তি তাঁর কাছে আসেন অতঃপর বলেন, اللَّهُمَّ اغْفِرْ لِي وَلِمُحَمَّدٍ وَلَا تَغْفِرْ لِأَحَدٍ مَعَنَا (হে আল্লাহ, আপনি আমাকে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ক্ষমা করে দিন, আর আমাদের সাথে আর কাউকে ক্ষমা করবেন না!)” এটা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাঁসলেন তারপর তিনি বললেন, “তুমি তো প্রশস্ত জিনিসকে সীমাবদ্ধ করে দিলে!” তারপর বেদুঈন ব্যক্তি

মসজিদের এক কোণায় চলে যায় এবং পেশাব করার জন্য থেকে থেমে যায়। তারপর সেই বেদুঈন দ্বীনের বুঝ লাভ করার পর বলেন, “তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে আসেন কিন্তু তিনি আমাকে সতর্ক করেননি এবং আমাকে গালমন্দও করেননি। তিনি আমাকে বলেন, “নিশ্চয়ই এই মসজিদ নির্মাণ করা হয়েছে আল্লাহর যিকির ও সালাত আদায় করার জন্য। আর অবশ্যই এতে পেশাব করা যাবে না।” তারপর তিনি এক বালতি পানি আনতে বলেন অতঃপর পানি তার উপর ঢেলে দেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫০৩; মুসান্নাফ ইবনু শাইবাহ: ১/১৯৩; ইবনু মাজাহ: ৫২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89486

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন